গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।
www.jdpc.gov.bd

সূত্র: ২৪.০৯.০০০০.০০০.১৬.২২৩.২১/২৯২ তারিখঃ ০৪ জুলাই ২০২৪

**অফিস আদেশ**

জেডিপিসি'র জাতীয় শুদ্ধাচার কৌশল ২০২৪-২০২৫ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী আগামী ১০ জুলাই/২০২৪ তারিখে সকাল ১০:০০ ঘটিকায় জেডিপিসি'র সম্মেলন কক্ষে NIS কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক নৈতিকতা কমিটির একটি সভা আয়োজন করা হয়েছে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব জিনাত আরা, অতিরিক্ত সচিব ও নির্বাহী পরিচালক, জেডিপিসি।

সংশ্লিষ্ট সকলকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪.০৭.২০২৪
(সীমা বোস অধরা)
পরিচালক (এমআরপি)
ফোন-০২-৯১০১৩০৩

বিতরণঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

০১। জনাব মোঃ জাহাঙ্গীর আলম, ফোকাল পয়েন্ট ও টেকনোলজি রিসার্চ এন্ড টেনিং এক্সিকিউটিভ, জেডিপিসি।
০২। জনাব নুসরাত জাহান, সিনিয়র ডিজাইন এক্সিকিউটিভ, জেডিপিসি।
০৩। জনাব মোঃ মোজাহিদুল ইসলাম, মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ, জেডিপিসি।
০৪। জনাব মোঃ আব্দুল হান্নান মিয়াজী,পার্সোনাল অফিসার, জেডিপিসি।
০৫। জনাব পলিগুহ, পার্সোনাল অফিসার, জেডিপিসি।

অনুলিপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। প্রশাসনিক কর্মকর্তা, জেডিপিসি। (সভা আয়োজনে ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
০২। হিসাব রক্ষণ কর্মকর্তা, জেডিপিসি।
০৩। নির্বাহী পরিচালক মহোদয়ের পার্সোনাল অফিসার, ১৪৫ মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।

জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিডিসি)
বস্ত্র ও পাট মন্ত্রণলয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
www.jdpc.gov.bd

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | : জিনাত আরা<br>নির্বাহী পরিচালক<br>জেডিপিসি, বস্ত্র ও পাট মন্ত্রণালয়। |
| তারিখ | : ১০ জুলাই ২০২৪ |
| স্থান | : জেডিপিসি'র সম্মেলন কক্ষ (১৪৫, মনিপুরী পাড়া তেজগাঁও, ঢাকা)। |

সভার উপস্থিতি **'পরিশিষ্ট-ক'** তে দেওয়া হলো।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি জেডিপিসি'র ২০২৪-২৫ অর্থবছরের এপিএ অনুযায়ী সকল কার্যক্ষেত্রে শুদ্ধাচার প্রতিষ্ঠার লক্ষ্যে কর্মপরিকল্পনা করে সে অনুযায়ী কার্যক্রম সঠিকভাবে এবং সঠিক সময়ে বাস্তবায়ন করার নির্দেশনা প্রদান করেন।

২.০ জনাব মো: জাহাঙ্গীর আলম, প্রযুক্তি গবেষণা ও প্রশিক্ষণ নির্বাহী ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা প্রণয়নকৃত জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা সভায় উপস্থাপন করেন। জাতীয় শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিত করে পরিলক্ষিত অন্তরায় দূরীকরণের জন্য সমায়াবদ্ধ কর্ম-পরিকল্পনা প্রণয়ন, কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব কাদের ওপর ন্যাস্ত থাকবে এ বিষয়ে সকলকে মতামত প্রদানের অনুরোধ জানান। ২০২৪-২৫ অর্থবছরে জেডিপিসি'র অনলাইন ভিত্তিক অনেক কার্যক্রম রয়েছে। কর্মকর্তা কর্মচারীদের এ সকল বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করা প্রয়োজন। তাছাড়া, অনলাইন ভিত্তিক এ সকল কার্যক্রম সম্পর্কে উদ্যোক্তাদের অবহিত করা প্রয়োজন।

২.১ পরিচালক (এমআরপি) জনাব সীমা বোস অধরা বলেন, এপিএ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী NIS, Citizen`s Charter এবং GRSসহ সকল কার্যক্রম যথা সময়ে সম্পন্ন করার জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তাসহ কমিটির সকল সদস্যকে জোড় তাগিদ প্রদান করেন।

২.৩ জনাব মোজাহিদুল ইসলাম, মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ বলেন, জাতীয় শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিত করে পরিলক্ষিত অন্তরায় দূরীকরণের জন্য সমায়াবদ্ধ কর্ম-পরিকল্পনা প্রণয়ন, কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের জন্য নৈতিকতার কমিটিকে বাস্তবায়নের বিষয়ে মতামত প্রদান করেন।

২.৪ সভাপতি প্রত্যেক ত্রৈমাসিকের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা ও কার্যক্রম সমায়ানুগ ও যথাযথ ভাবে বাস্তবায়নের জন্য সকলকে নির্দেশনা প্রদান করেন। তিনি জেডিপিসি'র online ভিত্তিক বিভিন্ন কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় সকল প্রশিক্ষণ সম্পুন্ন করা নির্দেশনা প্রদান করেন। তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১.৩ নং কার্যক্রমটি (সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে মতবিনিময় সভা) আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে সম্পুন্ন করার আহবান জানান। বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক 'কুইক উইন' কার্যক্রমটি বাস্তবায়নের জন্য এটুআই এর প্রতিনিধির সাথে আগামী ১৫ জুলাইয়ের মধ্যে সভা করার নির্দেশনা প্রদান করে। ০১ জুলাই ২০২৪ তারিখে 'কুইক উইন' কার্যক্রম বাস্তবায়ন বিষয়ক সভার অগ্রগতি প্রতিবেদন ১৫ জুলাই ২০২৪ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়াও তিনি উল্লেখ করেন যে, জাতীয় শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিত করে পরিলক্ষিত অন্তরায় দূরীকরণের জন্য সমায়াবদ্ধ কর্ম-পরিকল্পনা প্রনয়ন ও বাস্তবায়ন নৈতিকতা কমিটির সদস্যগণ

করবে। ১ম কোয়ার্টারের মধ্যে A2i এর Ekshop এর সাথে Application Programming Interface (API) এর মাধ্যমে জেডিপিসি'র ই-কমার্স প্লাটফর্মটির Integration সম্পন্ন করার জন্য জোড় তাগিদ প্রদান করেন। তিনি বলেন, এপিএ এর লক্ষমাত্রা অনুযায়ী NIS, Citizen`s Charter এবং GRSসহ সকল কার্যক্রম যথা সময়ে সম্পন্ন করতে হবে। জেডিপিসি'র আওতাধীন ০৬টি জেইএসসিকেও তাদের ২০২৪-২৫ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নপূর্বক অগ্রগতি প্রতিবেদন সঠিক সময় প্রেরণের নির্দেশনা প্রদান করেন।

৩.০ আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমুহ গৃহীত হয়ঃ

(ক) ৩০ সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে অংশীজনের অংশগ্রহণে ১ম মতবিনিময় আয়োজন করতে হবে।

(খ) ১৫ জুলাইয়ের মধ্যে 'কুইন উইন' বাস্তবায়ন বিষয়ে এটুআই এর প্রতিনিধির সাথে সভা করতে হবে।

(গ) ০১ জুলাই ২০২৪ তারিখে 'কুইক উইন' কার্যক্রম বাস্তবায়ন বিষয়ক সভার অগ্রগতি প্রতিবেদন ১৫ জুলাই ২০২৪ তারিখের মধ্যে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

(ঘ) ১ম ত্রৈমাসিক ২০২৪ এর মধ্যে এটুআই এর সাথে API এর মাধ্যমে জেডিপিসি'র ই-কমার্স প্লাটফর্মটির Integration সম্পন্ন করতে হবে।

৪.০ সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/০৭/২০২৪

(জিনাত আরা)
অতিরিক্ত সচিব
ও
নির্বাহী পরিচালক

জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
www.jdpc.gov.bd

**বিষয়ঃ** ১০ জুলাই ২০২৪ তারিখে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার বিষয়ক নৈতিকিতা কমিটির ১ম সভায় উপস্থিতির তালিকা।

| ক্রমিক নং | নাম , পদবী ও ঠিকানা | ইমেইল /মোবাইল নং | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ০১ | জিনাত আরা<br>নির্বাহী পরিচালক, জেডিপিসি | ed@jdpc.gov.bd | ১০/০৭/২০২৪ |
| ০২ | সীমা বোস অধরা<br>পরিচালক(এমআরপি)<br>জেডিপিসি | mrp@jdpc.gov.bd<br>01761443322 | 10.07.2024 |
| ০৩ | মোঃ জাহাঙ্গীর আলম<br>প্রযুক্তি গবেষণা ও প্রশিক্ষণ নির্বাহী<br>জেডিপিসি | bipuljahan76@gmail.com<br>01711440576 | 10.07.2024 |
| ০৪ | মোঃ মোজাহিদুল ইসলাম<br>মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ,<br>জেডিপিসি। | eme@jdpc.gov.bd<br>01737111567 | ১০.০৭.২৪ |
| ০৫ | সৈয়দ জাকারিয়া,<br>পার্সোনাল অফিসার, জেডিপিসি | Zakaria.sayed73@gmail.com<br>01711973849 | ১০.07.2024 |
| ০৬ | মোঃ আব্দুল হান্নান মিয়াজী<br>পার্সোনাল অফিসার, জেডিপিসি | miajetraders@gmail.com<br>০১৭১২৭৯৫৮০৮ | ১০/০৭/২৪ |
| ০৭ | পলি গুহ<br>পার্সোনাল অফিসার, জেডিপিসি | PolyGuho84@gmail.com.<br>01912459962 | ১০.০৭.২০২৪ |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫ ,মনিপুরী পাড়া ,তেজগাঁও ,ঢাকা।
www.jdpc.gov.bd

## জাতীয় শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটির সভার ছবি।






তারিখ: ১০ জুলাই ২০২৪
স্থান: সম্মেলণ কক্ষ, জেডিপিসি।